**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-06-2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

.................................................................

**World Blood Donation Day:CM**

সারা দেশের সঙ্গে রাজ্যেও গতকাল বিশ্ব রক্তদাতা দিবস পালিত হয়। এ উপলক্ষে গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন রাজ্যে বছরে প্রায় ৫০ হাজার ইউনিট রক্ত লক্ষ্যমাত্রা নিয়েছে ।এরজন্য ক্লাব স্বেচ্ছাসেবী সংস্থাগুলির পাশাপাশি কলেজ এবং বিশ্ববিদ্যালয় সহ বিভিন্ন সরকারী অফিসে বছরে দুবার রক্তদান শিবির করার উদ্যোগ নিয়েছে স্বাস্থ্য দপ্তর । অনুষ্ঠানে এর আগে রাজ্য স্বাস্থ্য দপ্তরের পক্ষ হেকে পয়তাল্লিশ লক্ষ্য আঠাশ হাজার টাকা ব্যয়ে একটি রক্ত পরিবাহী ভ্যান ধলাই জেলা হাসপাতালের জন্য প্রদান করা হয় । স্বাস্থ্য দপ্তর ও ত্রিপুরা রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে তিনজন নিয়মিত ও–নেগেটিভ রক্তদাতাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয় ।

****************

**Meeting on 03 new law at secreteriet**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লা, গতকাল নতুন তিন ফৌজদারি আইন কার্যকর করার ব্যাপারে কাজের অগ্রগতি নিয়ে রাজ্য প্রশাসনের সংশ্লিষ্ট দপ্তরের পদস্থ আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন। সচিবালয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই বৈঠকে রাজ্যের মুখ্য সচিব জে কে সিনহা, স্বরাষ্ট্র,

তথ্য সংস্কৃতি, আইন ও স্বাস্থ্য সচিবগণ, রাজ্য পুলিশের মহানির্দেশক, আইন সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ও অন্যান্য পদস্থ আধিকারিকগণ অংশ গ্রহণ করেন। সচিবালয়ে সূত্রে জানা গেছে, রাজ্যে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিন আইনের উপর পুলিশ ও প্রশাসনের আধিকারিকদের কতটুকু প্রশিক্ষণ দেওয়া হয়েছে এই সম্পর্কে পুলিশ মহা নির্দেশক ও স্বরাষ্ট্র সচিব বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবকে অবহিত করেন| পুলিশ মহানির্দেশক অমিতাভ রঞ্জন জানান, আগামী পয়লা জুলাই থেকে প্রত্যেক থানায় নতুন তিন ফৌজদারি আইন সম্পর্কে সাধারণ নাগরিকদের সচেতন করতে কর্মসূচি নেওয়া হবে। উল্লেখ্য, আগামী পয়লা জুলাই থেকে এই নতুন তিন ফৌজদারি আইন দেশে বলবৎ হবে।

*************

**Rail.**

কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের যাত্রাপথ আগামীকাল থেকে শিয়ালদহ – আগরতলা হয়ে সাবরুম পর্যন্ত বাড়ানো হয়েছে । আগরতলা থেকে সাবরুম যেতে কাঞ্চনজঙ্ঘার ক্ষণিক বিরতি থাকবে উদয়পুর রেলস্টেশনে। অনুরূপভাবে আগামী ১৮ জুন সাবরুম থেকে আগরতলা হয়ে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস রওনা হবে শিয়ালদহের উদ্দেশ্যে। নর্থ ইস্ট ফ্রন্টিয়ার রেলওয়ে সূত্রে এ খবর জানা গেছে।

************

**PM, G7 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বৈশ্বিক দক্ষিণ, বিশেষ করে আফ্রিকার সমস্যাকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন যে, আফ্রিকান ইউনিয়ন ভারতের সভাপতিত্বে জি 20 এর স্থায়ী সদস্য হিসাবে যুক্ত হওয়া ভারতের জন্য সম্মানের বিষয়। তিনি ২০৭০ সালের মধ্যে ভারতের কার্বন নিঃসরণ শূন্যে নামিয়ে আনার লক্ষ্যমাত্রার কথা উল্লেখ করেন। ভারতের মিশন লাইফের উল্লেখ করে, তিনি বিশ্ব পরিবেশ দিবসে তাঁর দ্বারা শুরু করা বৃক্ষরোপণ অভিযান, " এক পেড় মাকে নাম" অভিযানে যোগ দেওয়ার জন্য বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান।

কৃত্রিম বুদ্ধিমত্তা প্রসঙ্গে প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন যে এই প্রযুক্তির লক্ষ্য হওয়া উচিত অগ্রগতি এবং সকলের মঙ্গল। প্রধানমন্ত্রী আজ দেশে ফিরবেন ।

************

**ন্যাশনাল কোয়ালিটি এসুরেন্স প্রোগ্রাম** :

প্রজ্ঞাভবনে ন্যাশনাল কোয়ালিটি এসুরেন্স প্রোগ্রামের উপর এক কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরার উদ্যোগে আয়োজিত এই কর্মশালার উদ্বোধন করেন স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে । কর্মশালার ন্যাশনাল হেলথ সিস্টেম রিসোর্স সেন্টারের কোয়ালিটি এন্ড পেশেন্ট সেফটি ডিভিশনের উপদেষ্টা ডা: জে এন শ্রী বাস্তব, ন্যাশনাল হেলথ সিস্টেম রিসোর্স সেন্টারের কোয়ালিটি এসুরেন্সের পরামর্শদাতা ডা অভয় দাহিয়া, রিজিওনাল রিসার্চ সেন্টারের-উত্তর পূর্বাঞ্চলের পরামর্শদাতা ডা. রভিকর সিং প্রমুখ কোয়ালিটি এসুরেন্স প্রোগ্রামের উপযোগিতা ও রাজ্যের হাসপাতালগুলিতে পরিষেবার মান আর ও

উন্নত করার বিষয় নিয়ে আলোচনা করেন । কর্মশালায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা রাজীব দত্ত, স্বাস্থ্য অধিকারের অধিকর্তা ডা: সঞ্জীব দেববর্মা, জাতীয় স্বাস্থ্য মিশনের যুগ্ম মিশন অধিকর্তা বিনয় ভূষণ দাস সহ অন্যান্য আধিকারিকগণ ।

************

**Jolaibari panchyat samiti :**

জোলাইবাড়ি ব্লকের কনফারেন্স হলে গতকাল জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতি ও ব্লক উপদেষ্টা কনিটির যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও সদস্য-সদস্যারা, বিএসির চেয়ারম্যান উপস্থিত ছিলেন। পঞ্চায়েত সমিতির উন্নয়নমূলক কাজ দ্রুত সম্পন্ন করার জন্য বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন সমবায় মন্ত্রী।

***********

**Tree plantation :**

**14-06-24** আগরতলার জেল আশ্রম রোড স্থিত ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুলে গতকাল বৃক্ষরোপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য। তিনি বৃক্ষরোপনের মাধ্যমে পরিবেশের ভারসাম্য বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন।

***********

**Chess :**

বাংলাদেশে অনুষ্ঠিত সপ্তম আন্তর্জাতিক র‍্যাপিড দাবা প্রতিযোগিতায় রাজ্যের অগ্রজিৎ পাল ষষ্ঠ স্থান দখল করেছে। ৬ রাউন্ডের খেলায় অগ্রজিৎ সাড়ে ৪ পয়েন্ট পায়। মোট ২৬ জন দাবাড়ু আসরে অংশ নিয়েছিল।

************

**School cricket :**

সদরের আন্ত: স্কুল মেয়েদের টি–২০ ক্রিকেটের ফাইন্যালে আজ আসাম রাইফেলস পাব্লিক স্কুল খেলবে প্রণবানন্দ বিদ্যামন্দিরের বিরুদ্ধে। পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে খেতাবের এই লড়াই অনুষ্ঠিত হবে।

************

**WEATHER :**

আগামী ২৪ ঘন্টায় আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে । বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রী সেলসিযাস এবং সর্বনিম্ন তাপমাত্র  থাকবে ২৬ ডিগ্রী সেলসিয়াস । আজ  ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ .৪ ডিগ্রী সেলসিয়াস । সতর্ক বার্তায় বলা হয়েছে আগামী ২৪ ঘন্টায় খোয়াই, ধলাই এবং উনকোটি  জেলায় বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

************

*********